

তারিখ . . . ৪ MAY 2003 . . .
৩ ৪

ফাজিল ও কামিল কোর্স ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে যাচ্ছে

যুগান্তর রিপোর্ট

ফাজিল ও কামিল পর্যায়ে মাদ্রাসা শিক্ষাকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়ার প্রতিশ্রুতি শুরু হয়েছে। মাদ্রাসা শিক্ষার ডিগ্রি পর্যায়ের ফাজিল ও মাস্টার্স পর্যায়ের কামিল পরীক্ষাকে সাধারণ শিক্ষা ব্যবস্থার ডিগ্রি ও মাস্টার্সের অনুরূপে বিশ্ববিদ্যালয়ের আওতায় এনে উভয় শিক্ষা ব্যবস্থার মধ্যে বিরাজমান বৈষম্য দূর করার লক্ষ্যে এই উদ্যোগ নেয়া হয়েছে। বর্তমানে মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধীনে মাদ্রাসা শিক্ষার এই সর্বোচ্চ পর্যায়ের দুটি পরীক্ষা গ্রহণ ও সার্টিফিকেট দেয়া হয়। মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী ও সাধারণ শিক্ষার সঙ্গে সমন্বয়ের করতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ডিসি ড. মুহাম্মদ নূরুজ্জামান রহমানের নেতৃত্বে গত বছর একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়।

এই কমিটি ১৯৮০ সালের ইসলামী বিশ্ববিদ্যালয় আইন এবং মাদ্রাসা শিক্ষা অধ্যাদেশ ১৯৭৮ সংশোধনের জন্য একটি রুপরেখা সুপারিশ করে। সুপারিশ অনুযায়ী একটি সংশোধিত বসভা আইন তৈরি করে সীতিনগর সিদ্ধান্তের জন্য মন্ত্রিসভায় পাঠানো হলে কয়েকটি পরীক্ষার জন্য একটি মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়। গতকাল এই মন্ত্রিসভা কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়।

মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত এই কমিটি বৈঠকে সভাপতিত্ব করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী আবদুল মান্নান ভূঁইয়া। কমিটির সদস্য আইনমন্ত্রী ব্যারিস্টার মওদুদ আহমদ, কৃষিমন্ত্রী মাওলানা মতিউর রহমান নিজামী ও পাটমন্ত্রী মেজর (অব.) হাফিজ উদ্দিন হাড়াও মন্ত্রিপরিষদ বিভাগের সচিব এবং শিক্ষা সচিব এ সভায় উপস্থিত ছিলেন। সভায় মাদ্রাসা শিক্ষায় শিক্ষিত ফাজিল ও কামিল পদে ছাত্রছাত্রীদের দেশের গ্রামাঞ্চলে বা মাস্টার্স ডিগ্রি অর্জনকারীদের সঙ্গে বিনিময় এবং অন্যান্য চাকরিতে প্রতিদ্বন্দ্বিতা করার সুযোগ দিতে বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি প্রদানের সুপারিশটি বিশেষ গুরুত্ব পায়। এ সম্পর্কিত বিশেষজ্ঞ কমিটির রিপোর্ট অনুযায়ী ইসলামী শিক্ষার এই দুটি পরীক্ষায় উত্তীর্ণদের ডিগ্রি ও মাস্টার্স সমন্বয়ে স্বীকৃতি দিতে হলে সাধারণ শিক্ষা ব্যবস্থার জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুরূপে মাদ্রাসার এই দুটি পরীক্ষাকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়া প্রয়োজন বলে কমিটির সদস্যরা একমত হয়েছেন। তবে এর আগে মাদ্রাসা শিক্ষাবোর্ডের সিলেবাস এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ের সিলেবাস পরীক্ষা করার প্রয়োজন অনুভব করে কমিটির আগামী সভায় উভয় সিলেবাস উল্লেখ করা হয়েছে।